



## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

### নিয়োগ বিজ্ঞপ্তি

নং-জাবি/রেজি/প্রশা(টিচিং)/২০২২-২০২৩/০২

তারিখ : ৩০-১০-২০২২

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

বিভাগ	পদের নাম	পদের সংখ্যা
১। বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
২। ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি	প্রভাষক (স্থায়ী)	২টি
৩। ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
৪। লোক প্রশাসন বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৩টি
৫। ভূগোল ও পরিবেশ বিভাগ	প্রভাষক (অস্থায়ী)	৩টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম :

প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রভাষকঃ প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) এবং মানবিক শাখায় জিপিএ ৪.০০(৫.০০ স্কেলে) থাকতে হবে। বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি/ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে আবেদনকারীদের স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) এবং লোক প্রশাসন/ভূগোল ও পরিবেশ বিষয়ে আবেদনকারীদের স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

বি.দ্রঃ লোক প্রশাসন বিভাগে অস্থায়ী সহকারী অধ্যাপক/প্রভাষক ও অস্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য গত ০১-০৪-২০১৮ ও ২৫-০৭-২০১৯ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

ভূগোল ও পরিবেশ বিভাগে অস্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য গত ২৭-০৫-২০২১ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ৭(সাত) সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট [www.juniv.edu](http://www.juniv.edu) থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৪-১১-২০২২

স্বাক্ষর/-রেজিস্ট্রার